4

দৈনিক সংবাদ

তারিখ ... OCT 1 0 1999
পৃষ্ঠা ... কলাম ...

## প্রধানমন্ত্রী টাঙ্গাইলে 'ভাসানী বিশ্ববিদ্যালয়ে'র ভিত্তি স্থাপন করবেন

টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদদাতা ঃ প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার সন্তোষের প্রসিদ্ধ জমিদার বাড়িতে মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মধ্য দিয়ে মজলুম জননেতার স্বপ্ন এবং টাঙ্গাইলবাসীর দীর্ঘদিনের দাবি পূরণ হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্য প্রধানমন্ত্রীর টাঙ্গাইল সফর উপলক্ষে এখানে সর্বস্তরের মানুষের মধ্যে বিপুল উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হয়েছে। ইতোমধ্যেই টাঙ্গাইল ও সন্তোষে উৎসবের আমেজ সৃষ্টি হয়েছে। ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানে দেড় হাজার আমন্ত্রিত অতিথি অংশ নেবেন।

প্রধানমন্ত্রী এদিনই টাঙ্গাইল প্রেসক্লাব কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন। ইতোমধ্যেই এ কমপ্লেক্স নির্মাণের জন্য তিনি ৫ লাখ টাকা অনুদান এবং সাড়ে ১৬ শতাংশ জমি নামমাত্র মূল্যে হস্তান্তরের ব্যবস্থা করেছেন।

বিকেলে প্রধানমন্ত্রী স্থানীয় পার্ক ময়দানে জনসভায় বক্তৃতা করবেন। এছাড়া তিনি জেলা আইন-শৃংখলা সমন্বয় কমিটির সভায়ও অংশ নেবেন।